দৈনিক সংবাদ

তারিখ ..02 OCT 1991

পৃষ্ঠা ... ২ ... কলাম ৫

26

### ঢাকা মেডিক্যাল কলেজ

# সন্ত্রাসী তৎপরতা সত্ত্বেও পেশাগত এমবিবিএস পরীক্ষা অনুষ্ঠিত

(মেডিক্যাল রিপোর্টার)

গতকাল মঙ্গলবার ঢাকা মেডিক্যাল কলেজের পেশাগত এম,বি, বি,এস পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত

ঢাকা মেডিক্যাল ঃ পৃঃ ৮ কঃ ৪

## ঢাকা মেডিক্যালঃএমবিবিএস পরীক্ষা

(১ম পাতার পর)

হয়েছে। গতকালের পরীক্ষায় ১২০ জন পরীক্ষার্থীর মধ্যে ৮৯ জন অংশ নেন। গতকাল সকালে কর্তৃপক্ষ পুলিশের উপস্থিতিতে পরীক্ষার হল এবং ছাত্রাবাস গেটের তালা ভেঙ্গে ছাত্রদেরকে পরীক্ষার হলে প্রবেশ করতে সাহায্য করেন।

প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে জানা গেছে, পরীক্ষা চলাকালীন সময়ে একদল বহিরাগত সন্ত্রাসী কলেজ ক্যাম্পাসে এবং হোস্টেলের কাছে ককটেল বিস্ফোরণের মাধ্যমে সন্ত্রাস সৃষ্টির চেষ্টা চালায়। এ সময় প্রথমবর্ষের এক ছাত্র আহত হয় বলে কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে।

কলেজের সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে আগামী ৯ই অক্টোবর পর্যন্ত সকল লেকচার ক্লাস বন্ধ ঘোষণা করা হয়েছে, তবে পরীক্ষাসমূহ যথারীতি চলবে। গতকাল অধ্যক্ষ ডাঃ জহুরুল মাওলা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত কলেজের শৃংখলা পরিষদের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এদিকে কলেজ ক্যাম্পাসে এবং ছাত্রাবাস গেটে পুলিশ মোতায়েন করা হয়েছে।